

নারীশিক্ষা ও দারিদ্র্য বিমোচনে জোট সরকারের সাফল্য

যুগান্তকারী - জাবি ভিসি

প্রেস বিজ্ঞপ্তি : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর জামীম উদ্দিন আহমদ বলেছেন, নারীশিক্ষা প্রসার এবং দারিদ্র্য বিমোচনে জোট সরকারের সাফল্য যুগান্তকারী। ভিসি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী গোষ্ঠীভুক্ত সংগঠনসমূহ আয়োজিত 'জোট সরকারের প্রথম বর্ষপূর্তি ও অর্জন ও প্রত্যাশা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। জিয়া পরিষদের সভাপতি অধ্যাপক আ ফ ম উবায়দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি মোঃ ইমাম উদ্দীন এবং ট্রেজারার অধ্যাপক এবিএম এনায়েত হোসেন। ভিসি তাঁর বক্তব্যে বলেন, তলাবিহীন স্বড়ির দেশকে জোট সরকার একটি আত্মপ্রত্যয়ী দেশ হিসেবে বিশ্ব পরিচিত করেছে। বিশ্বে অর্থনৈতিক বিপর্যয় চলা সত্ত্বেও জোট সরকার মাত্র এক বছরে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ফান্ড দ্বিগুণেরও বেশী পরিমাণ বৃদ্ধি করেছে। আলোচনা শেষে একটি বর্ণিত্য র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে।